

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০১.২১ - ০৬২

তারিখঃ ২১/১০/২০২১খ্রিঃ

বিষয়ঃ ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য ১টি পৃথক ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় বাস্তবায়নের জন্য দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পটি জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত বিগত ০১/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী কর্মকান্ড বাস্তবায়নের জন্য ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দের বিপরীতে অর্থ ছাড়ের কার্যক্রম চলমান রয়েছে। অর্থ ছাড় হওয়া মাত্রই উপজেলা ও জেলা পর্যায়ে ব্যয় নির্বাহের জন্য অর্থ ছাড় করা হবে। সে আলোকে জরুরী ভিত্তিতে পৃথক ব্যাংক হিসাব খোলা প্রয়োজন।

এমতাবস্থায়, ইরেসপো-২য় পর্যায়ের আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা ও জেলা পর্যায়ে IRESPPW-2nd Phase, BRDB শিরোনামে সোনালী ব্যাংক লি. এর নিকটবর্তী একটি SND/STD ব্যাংক হিসাব খোলাপূর্বক প্রকল্প সদর দপ্তর-কে আগামী ০২/১১/২০২১ খ্রি: তারিখের মধ্যে উক্ত হিসাবের ব্যাংক স্টেটমেন্টসহ অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উপজেলা পর্যায়ের উক্ত হিসাবটি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। এছাড়া জেলা পর্যায়ের উক্ত হিসাবটি উপপরিচালক এবং হিসাব রক্ষক এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

১। উপপরিচালক

বিআরডিবি, জেলাঃ----- (প্রকল্পভূক্ত সকল জেলা)।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ব্রাঞ্চ ম্যানেজার, সোনালী ব্যাংক লি., ----- শাখা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৬. অফিস নথি।